১.

বিষয়ঃ- 'মুজিব শতবর্ষ ' উপলক্ষে জালালাবাদ গ্যাস অধিভুক্ত এলাকা অবৈধ মুক্ত অব্যাহত রাখার সময় ভিত্তিক কর্ম পরিকল্পনা ।

| ক্রম. | বিবরণ | কার্যক্রম | সময়-কাল | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | বিসিক শিল্প-নগরী খাদিম, সিলেট । | কেন্দ্রিয় ভিজিল্যান্স কর্তৃক অভিযান কার্যক্রম | ২৬/০২/২০২০ হতে ৩১মার্চ'২০২০ | |
| ২. | বিসিক শিল্প-নগরী গোটাটিকর, সিলেট । | কেন্দ্রিয় ভিজিল্যান্স কর্তৃক অভিযান কার্যক্রম | ০১এপ্রিল'২০২০ হতে মে'২০২০ | |
| ৩. | বিভিন্ন আবিকার গ্রাহক | কেন্দ্রিয় ভিজিল্যান্স কর্তৃক প্রতিমাসে অভিযান কার্যক্রম (সকল শ্রেণির নূন্যতম ৫০টি গ্রাহক আঙ্গিনা পরিদর্শন ) | ত্রৈ-মাসিক কর্মসূচির ভিত্তিতে সারা বছর ব্যাপী (২০২০) | |
| ৪. | আবিকা ভিত্তিক এলাকা | স্ব স্ব আবিকা কর্তৃক অভিযান কার্যক্রম (সকল শ্রেণির নূন্যতম ৩০টি গ্রাহক আঙ্গিনা পরিদর্শন ) | প্রতিমাসে দৈবচয়ন পদ্ধতিতে বছর ব্যাপী (২০২০) | আবিকা কর্তৃক কেন্দ্রিয় ভিজিল্যান্স ডিপার্টমেন্টে রিপোর্ট প্রদান করা হবে। |
| ৫. | হবিগঞ্জ শিল্প এলাকা | কেন্দ্রিয় ভিজিল্যান্স কর্তৃক অভিযান কার্যক্রম | জুন'২০২০ হতে আগষ্ট'২০২০ | |
| ৬. | গ্রাহক সচেতনতা বিজ্ঞপ্তি | স্থানীয় দৈনিক/চ্যানেল/লিফলেট | সারা বছর ব্যাপী (২০২০) | |
| ৭. | বকেয়া গ্যাস বিল | স্ব স্ব আবিকা ( লক্ষ্যমাত্রা ২০০০টি ) | সারা বছর ব্যাপী (২০২০) | |
| ৮. | লিকেজ চিহ্নিতকরণ | স্ব স্ব আবিকা (সকল শ্রেণির নূন্যতম ৫০টি গ্রাহক আঙ্গিনা পরিদর্শন ) | সারা বছর ব্যাপী (২০২০) | |

বি. দ্র. বিস্তারিত বিবরণ সংযুক্ত।

২৬/০২/২০২০
(চন্দন কুমার কুন্ডু)
উপ-ব্যবস্থাপক (ভিজিল্যান্স)

26/02/2020
( প্রকৌ. মো. সারোয়ার জাহান মাহমুদ)
উপ-মহাব্যবস্থাপক (ভিজিল্যান্স)

তাং ২৩/০২/২০২০

বিষয়ঃ- 'মুজিব শতবর্ষ ' উপলক্ষে জালালাবাদ গ্যাস অধিভুক্ত এলাকা অবৈধ মুক্ত অব্যাহত রাখার সময় ভিত্তিক কর্ম পরিকল্পনা।

# জালালাবাদ গ্যাস টি এন্ড ডি সিস্টেম লিঃ এর অধিভুক্ত এলাকায় অবৈধ পাইপ লাইন স্থাপনের মাধ্যমে কোন গ্যাস সংযোগ নাই। তাছাড়া গত ফেব্রুয়ারী ১৯ হতে জালালাবাদ গ্যাস টি এন্ড ডি সিস্টেম লিঃ কে অবৈধ গ্যাস সংযোগ মুক্ত কোম্পানী হিসেবে ঘোষনা করা হয়।

# অবৈধ সংযোগ মুক্ত রাখার জন্য কোম্পানীর কেন্দ্রিয় ভিজিল্যান্স টীম কর্তৃক প্রতি মাসে দৈবচয়ন পদ্ধতি এবং তথ্যের ভিত্তিতে নুন্যতম ৫০(পঞ্চাশ) জন বিভিন্ন শ্রেনীর গ্রাহকের আঙ্গিনা পরিদর্শন কার্যক্রম অব্যাহত রয়েছে। এবং পরিদর্শনে অনুমোদনবিহীন অতিরিক্ত গ্যাস সরঞ্জামাদি পাওয়া মাত্র তাৎক্ষণিক সংযোগ বিচ্ছিন্ন করা হচ্ছে।

# তাছাড়াও , কোম্পানীর বিপণন ডিভিশন (উত্তর)- এর আরডিডি মেট্রোর নিয়ন্ত্রানাধীন একটি ভিজিল্যান্স টীম এবং বিপণন ডিভিশন (দক্ষিণ)-এর আরডিডি মৌলভীবাজার এর নিয়ন্ত্রানাধীন একটি ভিজিল্যান্স টীম কর্তৃক নূন্যতম ২০জন বিভিন্ন শ্রেণির গ্রাহক আঙ্গিনা নিয়মিত পরিদর্শন করা হচ্ছে।

# উপরন্ত সম্প্রতি কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশে প্রত্যেকটি আবিকায় ইতোমধ্যে গঠিত লিকেজ চিহ্নিত করণ/বকেয়া কারনে সংযোগ বিচ্ছিন্নকরণ টিম কর্তৃক তাদের কার্যক্রম পরিচালনার সময় গ্রাহক আঙ্গিনায় অননুমোদিত গ্যাস সরঞ্জামাদি চিহ্নিত ও সংযোগ বিচ্ছিন্ন কার্যক্রম অব্যাহত রয়েছে।

# সময় ভিত্তিক কর্ম পরিকল্পনার অংশ হিসাবে সিলেট শহরের, বিসিক শিল্প নগরী খাদিম এলাকায় সকল শিল্প প্রতিষ্ঠানের আঙ্গিনায় আগামী ১৬ ই মার্চ ২০২০ এর পূর্বে/ অর্থাৎ মুজিব শতবর্ষ শুরুর প্রাক্কালে পরিদর্শন পূর্বক অবৈধ /অনুমোদনহীন গ্যাস সরঞ্জামাদি মুক্ত এলাকা হিসাবে ঘোষনা করা হবে।

# কেন্দ্রিয় ভিজিল্যান্সের কর্মকর্তা ও সংশ্লিষ্ট আবিকার যোগ্য প্রতিনিধির সমন্বয়ে গঠিত টীম ২৬/০২/২০২০ হতে ১৩/০৩/২০২০ পর্যন্ত সিলেট শহরের খাদিম নগর এলাকার বিসিক শিল্প নগরির সকল শিল্প শ্রেণির গ্রাহকের আঙ্গিনা পরিদর্শন পূর্বক অভিযান পরিচালনা করবে। তবে অভিযান পরিচালনার পূর্বে তা গোপন রাখা হবে।

# এরই ধারাবাহিকতায় জালালাবাদ গ্যাসের অধিভুক্ত এলাকায় পর্যায়ক্রমে সকল শিল্পাঞ্চল কেন্দ্রিয় ভিজিল্যান্স টিম, বিপণন ডিভিশনের নিয়ন্ত্রাধীন ভিজিল্যান্স টিম, এবং আবিকার মাধ্যমে শতভাগ পরিদর্শন/ অভিযান অব্যাহত রাখা হবে।

# অভিযানে অবৈধ/ অনুমোদনবিহীন গ্যাস সরঞ্জাম পাওয়া গেলে তাৎক্ষণিক ভাবে গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা হবে। পরবর্তীতে নিয়মানুযায়ী এবং প্রয়োজনে গ্যাস আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে।

# মাইকিং,লিফলেট বিতরণ, স্থানীয় দৈনিক পত্রিকা এবং ইলেকট্রনিক মিডিয়ায় অবৈধ গ্যাস পাইপলাইন তথা অবৈধ গ্যাস সংযোগ অপসারন/ বিচ্ছিনেন্নর বিষয়ে গ্রাহকদের সচেতন বৃদ্ধির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।

# জালালাবাদ গ্যাসের অধিভুক্ত এলাকা অবৈধ মুক্ত রাখার সুনামের ধারাবাহিকতা অক্ষুন্ন রাখার লক্ষ্যে প্রতিটি আবিকায় একটি ভিজিল্যান্স টিম গঠন করত: নিয়মিত ভাবে শিল্প শ্রেণীর গ্রাহক সহ সকল শ্রেণীর গ্রাহক আঙ্গিনা পরিদর্শন পূর্বক আবশ্যিকভাবে ভিজিল্যান্স ডিপার্টমেন্টে রিপোর্ট প্রদান করা হবে। কেন্দ্রিয় ভিজিল্যান্স টিম দৈবচয়ন পদ্ধিতিতে অভিযান অব্যাহত রাখবে।

# আবিকা হতে মিটার রিডিং গ্রহণ কালে আবশ্যিক ভাবে RMS/CMS বর্তমান অবস্থা এবং গ্রাহক আঙ্গিনা পরিদর্শন পূর্বক রিপোর্ট ভিজিল্যান্স ডিপার্টমেন্টে রিপোর্ট প্রদানের ব্যবস্থা করা হবে। মিটার রিডিং গ্রহণ কালে শিল্প/CNG শ্রেণীর গ্রাহক শত ভাগ এবং বাণিজ্যিক গ্রাহক তিনমাসে পর্যায়ক্রমে গ্রাহক আঙ্গিনা পরিদর্শন করতে হবে।

# কোম্পানীর কোন কর্মকর্তা/কর্মচারী অবৈধ গ্যাস সংযোগের সাথে জড়িত থাকার প্রমান পাওয়া গেলে তার বিরুদ্ধে দাপ্তরিক ব্যবস্থা গ্রহন করতে হবে।

# উল্লেখ্যে যে, ইতোমধ্যে অভিযান কার্যক্রম পরিচালনা শুরু করা হয়েছে।

২৩/০২/২০২০
(চন্দন কুমার কুন্ডু)
উপ-ব্যবস্থাপক (ভিজিল্যান্স)

২৩/০২/২০২০
( প্রকৌ. মো. সারোয়ার জাহান মাহমুদ)
উপ-মহাব্যবস্থাপক (ভিজিল্যান্স)